# সিগারেট ও সিগারেটের মোড়কজাতকরণ – *Tobacco Plain Packaging Act 2011 (তামাকের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত আইন 2011)* মেনে চলা

# বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

## সংক্ষিপ্তসার

1লা ডিসেম্বর 2012 থেকে, অস্ট্রেলিয়ায় বিক্রিত, বিক্রির জন্য প্রস্তাবিত, বা অন্য কোনো ভাবে সরবরাহকৃত সকল তামাকজাত দ্রব্য অবশ্যই সাধারণ মোড়কে সরবরাহ করতে হবে এবং সেগুলোতে নতুন ও সম্প্রসারিত স্বাস্থ্য সম্পর্কিত সতর্কবাণী প্রদর্শন করতে হবে। *Tobacco Plain Packaging Act 2011* (আইন) এবং *Tobacco Plain Packaging Regulations 2011* (বিধি) তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের শর্তাবলি বর্ণনা করে, যেখানে অন্যান্যগুলোর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- একটি শর্ত যে তামাকজাত দ্রব্যের খুচরা মোড়কগুলো Pantone 448C নামে পরিচিত রংয়ের, এবং ম্যাট ফিনিশযুক্ত হতে হবে;

- ব্র্যান্ড ও রূপভেদের নাম, যেগুলো অবশ্যই একটি স্ট্যান্ডার্ড রং, অবস্থান, ফন্টের ধরন ও আকার অনুযায়ী হতে হবে, সেগুলো ছাড়া তামাক শিল্পের লোগো, ব্র্যান্ডের ছবি, রং ও প্রচারণামূলক লেখাগুলোর উপর একটি নিষেধাজ্ঞা;

- তামাকজাত দ্রব্যের মোড়কের আকার সম্পর্কে বিধিনিষেধ; এবং

- সিগারেটের বাহ্যিক রূপ, প্যাকেজিংয়ের ডিজাইন ও সিগারেটের খুচরা প্যাকেজিংয়ের জন্য ব্যবহৃত সামগ্রীর উপর বিধিনিষেধ।

এই প্রশ্ন ও উত্তরগুলো সিগারেট ও সিগারেটের প্যাকেটের সাধারণ মোড়কজাতকরণের শর্ত সংক্রান্ত কিছু বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি সম্পর্কে নির্দেশনা প্রদান করে। পূর্ণাঙ্গ শর্তাবলির জন্য আপনার আইন ও বিধিগুলো পড়ে দেখা উচিত।

## সিগারেটের বাহ্যিক রূপ

### প্রশ্ন 1. সিগারেটের কাগজের উপর কি দাগ থাকতে পারবে?

না। এই বিধিতে শর্তারোপ করা হয়েছে যে সিগারেটের কাগজের কেসিং ও কম ভেদ্য ব্যান্ড (যদি থাকে) অবশ্যই সাদা অথবা একটি ইমিটেশন কর্ক টিপসহ সাদা হতে হবে (বিধি 3.1.1)। এর অর্থ হলো সিগারেটের কাগজের উপর দাগ, বৃত্তাকার রিং বা অন্য কোনো ধরনের দাগ অনুমোদিত নয় (ব্যতিক্রম হিসেবে অক্ষর ও সংখ্যাবিশিষ্ট একটি কোড থাকতে পারবে – প্রশ্ন 3 দেখুন)। আইনের অনুচ্ছেদ 4-এ 'ইমিটেশন কর্ক টিপ'-এর সংজ্ঞা দেয়া হয়েছে, এবং 3.1.1 বিধিতে 'কম ভেদ্য ব্যান্ড'-এর সংজ্ঞা দেয়া হয়েছে।

### প্রশ্ন 2. কম ভেদ্য ব্যান্ডকে কি ইমিটেশন কর্ক হতেই হবে?

না, ব্যান্ড সাদাও হতে পারে। বিধিতে শর্তারোপ করা হয়েছে যে সিগারেটের কাগজের কেসিং ও কম ভেদ্য ব্যান্ড (যদি থাকে) অবশ্যই সাদা অথবা একটি ইমিটেশন কর্ক টিপসহ সাদা হতে হবে (বিধি 3.1.1)। এর অর্থ হলো সিগারেটের ফিল্টারের অগ্রভাগকে কভারকারী কাগজটির ব্যান্ড সাদা বা ছাপানো বাদামি রংয়ের হতে পারবে যা দেখতে কর্কের মত দেখায়। অন্য কোনো ধরনের কিছু অনুমোদিত নয়।

দ্রষ্টব্য: এই তথ্য শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে প্রদান করা হয়েছে, এবং আইনি পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের আইনের অধীনে আপনার বাধ্যবাধকতাগুলো সম্পর্কে আপনি না জানলে, অথবা শর্তগুলো বুঝতে আপনার সমস্যা হলে, আপনার নিজস্ব স্বতন্ত্র আইনি পরামর্শ চাওয়া উচিত। এই প্রকাশনার সব তথ্য 2015 সালের অগাস্ট মাসে সঠিক।

এই প্রকাশনার বিষয়বস্তুগুলো কপিরাইট করা। *1968 সালের কপিরাইট আইনে* অনুমোদিত যে কোনো ব্যবহার ছাড়া, কমনওয়েলথ-এর যথাযথ লিখিত অনুমতি ব্যতিরেকে এর কোনো অংশ পুনঃপ্রকাশ করা যাবে না।

**প্রশ্ন 3. সিগারেটকে কি অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোড দিয়ে চিহ্নিত করা যাবে?**

হ্যাঁ। সিগারেটের উপর অক্ষর ও সংখ্যাবিশিষ্ট একটি কোড মুদ্রণ করার জন্য বিধিতে অনুমতি রয়েছে, তবে কিছু নির্দিষ্ট নিয়ম-কানুন মানতে হবে। বিধি 3.1.2 অনুযায়ী কোডটি অবশ্যই সিগারেটের ফিল্টারের প্রান্তের কাছাকাছি জায়গায় একটি সুনির্দিষ্ট অবস্থানে শুধু একবার দেখানো যেতে পারবে। এটি অবশ্যই কালো কালিতে, Lucida Sans হরফে, অনূর্ধ্ব ৪ (আট) পয়েন্ট সাইজে, এবং স্বাভাবিক প্রস্থবিশিষ্ট রেগুলার ফন্টে মুদ্রিত হতে হবে।

এই অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোডটি অবশ্যই তামাকের বিজ্ঞাপন ও প্রচারণা চালাবে না, বা সেগুলোতে প্রবেশের সুযোগ দেবে না, এবং অবশ্যই সিগারেটের ব্র্যান্ড বা রূপভেদের নামের প্রতিনিধিত্ব করবে না, অথবা সেগুলোর সাথে কোনোভাবেই সংশ্লিষ্ট হতে পারবে না।

## সিগারেটের প্যাকেটের বাহ্যিক রূপ

**প্রশ্ন 4. সিগারেটের প্যাকেটের কি কোনো সর্বনিম্ন বা সর্বোচ্চ আকার আছে?**

হ্যাঁ। উপরের ক্লিপ-টপ ঢাকনাটি বন্ধ অবস্থায় একটি সিগারেটের প্যাকেটের আকার অবশ্যই উচ্চতায় 85 মিমি, প্রস্থে 55 মিমি ও গভীরতায় 20 মিমি-এর কম হতে পারবে না।

উপরের ক্লিপ-টপ ঢাকনাটি বন্ধ অবস্থায় একটি সিগারেটের প্যাকেটের আকার অবশ্যই উচ্চতায় 125 মিমি, প্রস্থে 82 মিমি ও গভীরতায় 42 মিমি-এর বেশি হতে পারবে না।

**প্রশ্ন 5. সিগারেটের প্যাকেটের ভেতরের ফ্রেম/অভ্যন্তরের কানা কি Pantone 448C নামে পরিচিত রঙের হতে হবে?**

হ্যাঁ। আইনের অনুচ্ছেদ 4-এ সিগারেটের প্যাকেটের 'ভেতরের প্রান্ত' যা 'অভ্যন্তরীণ ফ্রেম' নামেও পরিচিত তার সংজ্ঞা এভাবে দেয়া হয়েছে: *'প্যাকেটের বাইরের পৃষ্ঠের অংশ যা ক্লিপ-টপ ঢাকনাটি বন্ধ থাকলে দেখা যায় না'*। বিধিতে বর্ণনা করা হয়েছে যে, প্রাথমিক ও মাধ্যমিক মোড়কের বাইরের সবগুলো পৃষ্ঠ অবশ্যই Pantone 448C নামে পরিচিত রঙে হতে হবে (বিধি 2.2.1)।

'ভেতরের প্রান্ত' প্যাকেটের বাইরের পৃষ্ঠের সংজ্ঞার মধ্যে পড়ে এবং সেই কারণে এটি Pantone 448C রংয়ে হতে হবে।

**প্রশ্ন 6. সিগারেটের প্যাকেটে কি লাইনিং থাকতে পারবে?**

হ্যাঁ। সিগারেটের প্যাকেটে একটি লাইনিং থাকতে পারবে যা অবশ্যই সাদা কাগজের ব্যাকিংযুক্ত রুপালি রঙের একটি ফয়েল হতে হবে।

যদি লাইনিং ব্যবহার করা হয়, তাহলে মোড়কের স্বয়ংক্রিয় উৎপাদনের উদ্দেশ্যে অথবা মোড়কের ভেতরে তামাকজাত দ্রব্য প্যাকিং করার জন্য লাইনিংয়ের সম্পূর্ণ পৃষ্ঠজুড়ে ছোট ছোট ডট বা বর্গক্ষেত্র এমবোস করে দেয়া যাবে। যদি লাইনিং এমবোসযুক্ত থাকে, তাহলে লাইনিংয়ে এমবোস করা ডট বা বর্গক্ষেত্রগুলো অবশ্যই একে অপরের কাছ থেকে সমান দূরত্বে, ঘনিষ্ঠ ব্যবধানে থাকতে হবে, ও সমান আকৃতির হতে হবে (বিধি 2.1.3)।

লাইনিংয়ের এমবোস অবশ্যই কোনো প্যাটার্ন বা চিত্র বা অন্য কোনো চিহ্ন তৈরি করতে পারবে না (এর ব্যতিক্রম হতে পারে যদি বিধি 2.1.3-এ অনুমোদিত হয়ে থাকে), অথবা তামাকের বিজ্ঞাপন ও প্রচারণা হতে পারবে না।

## সিগারেটের প্যাকেটের উপর ব্র্যান্ড ও রূপভেদের নামের উপস্থিতি

**প্রশ্ন 7. সিগারেটের প্যাকেটের উপর ব্র্যান্ড ও রূপভেদের নাম কতবার উপস্থিত থাকতে পারবে?**

সিগারেটের প্যাকেটের উপর যে কোনো ব্র্যান্ড, ব্যবসা বা কোম্পানির নাম, অথবা যে কোনো রূপভেদের নাম মোট তিন (3) বার উপস্থিত থাকতে পারবে: প্যাকেটের বাইরের দিকের সামনের, উপরের ও নিচের পৃষ্ঠে একবার করে। এই সব পৃষ্ঠগুলোর কোনোটিতে এটি অবশ্যই একবারের বেশি থাকতে পারবে না।

**প্রশ্ন 8. ব্র্যান্ড ও রূপভেদের নাম কি ইংরেজিতেই থাকতে হবে?**

না। বিধিতে উল্লেখ করা হয়েছে, যে কোনো ব্র্যান্ড, ব্যবসা, কোম্পানির নাম, বা যে কোনো রূপভেদের নাম অবশ্যই Lucida Sans নামে পরিচিত হরফে মুদ্রণ করতে হবে। সুতরাং, যে কোনো ব্র্যান্ড, ব্যবসা বা কোম্পানির নাম, অথবা যে কোনো রূপভেদের নাম ইংরেজি ছাড়া অন্য এমন ভাষায় মুদ্রণ করা যাবে যা অবশ্যই Lucida Sans হরফে মুদ্রণ করা যায় (বিধি 2.4.1)।

**প্রশ্ন 9. ব্র্যান্ড ও রূপভেদের নাম কি একাধিক ভাষায় মুদ্রণ করা যাবে?**

হ্যাঁ। ব্র্যান্ড ও রূপভেদের নাম ইংরেজিতে ও আরেকটি ভাষায় মুদ্রণ করা যাবে, তবে সেগুলো সিগারেটের প্যাকেটের একই পৃষ্ঠে উপস্থিত থাকতে পারবে না। উদাহরণস্বরূপ, ব্র্যান্ড ও রূপভেদের নাম একবার ইংরেজিতে ও দু'বার আরেকটি ভাষায় উপস্থিত থাকতে পারবে, কিন্তু প্রতিটি পৃষ্ঠে মাত্র একবার করে (এছাড়াও প্রশ্ন 7 দেখুন)।

উল্লিখিত তিনটি পৃষ্ঠের প্রতিটিতে ব্র্যান্ড ও রূপভেদের নাম ইংরেজি ও আরেকটি ভাষা উভয়টিতে থাকতে পারবে না, কারণ এর ফলে ব্র্যান্ড ও রূপভেদের নাম প্যাকেটের উপর ছয় বার দেখা যাবে।

**প্রশ্ন 10. ব্র্যান্ড ও রূপভেদের নাম কি মোটা হরফে এবং/অথবা সব বড় হাতের হরফে মুদ্রণ করা যাবে?**

না। বিধিতে উল্লেখ করা হয়েছে যে, ব্র্যান্ড ও রূপভেদের নাম অবশ্যই স্বাভাবিক প্রস্থবিশিষ্ট রেগুলার ফন্টে মুদ্রণ করতে হবে। এর অর্থ হলো এগুলো মোটা (বোল্ড) হরফে মুদ্রণ করা যাবে না।

সেইসাথে, বিধিতে শর্তারোপ করা হয়েছে যে, প্রতিটি শব্দের শুধু প্রথম অক্ষরটি বড় হাতের অক্ষরে হতে পারবে, অন্য কোথাও বড় হাতের অক্ষর ব্যবহার করা যাবে না (বিধি 2.4.1)। এর অর্থ হলো নামের মধ্যে সবগুলো বড় হাতের অক্ষর ব্যবহার করার অনুমতি নেই।

## সিগারেটের প্যাকেটে অন্যান্য চিহ্নের উপস্থিতি

**প্রশ্ন 11. সিগারেটের প্যাকেটের উপর অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোডটি কি এমবোস করা যাবে?**

না। বিধিতে অনুমোদিতগুলো (অনুচ্ছেদ 18(1)(a)) ছাড়া তামাকজাত দ্রব্যের মোড়কে যে কোনো ধরনের এমবোস করা আইন অনুযায়ী নিষিদ্ধ। অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোড রূপে অথবা খালি চোখে দেখা যায় না এমন একটি লুকানো চিহ্ন রূপে এক বা একাধিক সূত্র চিহ্ন মোড়কে উপস্থিত থাকার বিষয়ে বিধিতে অনুমোদন রয়েছে (বিধি 2.3.1)। বিধির শর্ত অনুযায়ী, সূত্র চিহ্নটি যদি অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোড রূপে থাকে, তাহলে এটি অবশ্যই ***মুদ্রিত*** থাকতে হবে (বিধি 2.3.2)।

সেইসাথে, বিধিতে আরো শর্তারোপ করা হয়েছে যে, অক্ষর ও সংখ্যাবিশিষ্ট কোডটি অবশ্যই Lucida Sans নামে পরিচিত হরফে এবং স্বাভাবিক প্রস্থবিশিষ্ট রেগুলার ফন্টে মুদ্রণ করতে হবে (বিধি 2.3.2)। এর অর্থ হলো এটি মোটা (বোল্ড) হরফে বা 'ডট ম্যাট্রিক্স' স্টাইলে মুদ্রণ করা যাবে না।

**প্রশ্ন 12. সিগারেটের প্যাকেটে কোন ঠিকানা অন্তর্ভুক্ত করা যাবে?**

বিধিতে (কিছু কিছু ক্ষেত্রে) তামাকজাত পণ্যের মোড়কে পণ্যটি মোড়কজাতকারী ব্যক্তির ***বা*** যার পক্ষে এটি মোড়কজাত করা হয়েছে তার নাম ও ঠিকানা অন্তর্ভুক্ত করার অনুমতি রয়েছে (বিধি 2.3.8)। এটি হতে পারে উৎপাদক বা আমদানিকারক। প্যাকেটে শুধু একটি নাম ও ঠিকানা অন্তর্ভুক্ত থাকতে পারবে। এর অর্থ হলো উৎপাদক ও আমদানিকারকের নাম ও ঠিকানা একই না হলে তাদের উভয়ের নাম ও ঠিকানা অন্তর্ভুক্ত করার অনুমোদন নেই।

সেইসাথে, ***ঠিকানাটি অবশ্যই অস্ট্রেলিয়ার একটি জায়গা হতে হবে*** যেখানে সেই ব্যক্তির কাছে ব্যক্তিগতভাবে একটি ডকুমেন্ট পৌঁছে দেয়া যাবে। এটি কোনো পোস্ট অফিস বক্সের ঠিকানা হতে পারবে না।

**প্রশ্ন 13. সিগারেটের প্যাকেটে ও কার্টনে কি ট্যাক্স স্ট্যাম্প ও শুল্ক পরিশোধের চিহ্ন উপস্থিত থাকার অনুমতি রয়েছে?**

না। আইনে তামাকজাত দ্রব্যের মোড়কের উপর সব ধরনের ট্রেডমার্ক ও চিহ্ন মুদ্রণ নিষিদ্ধ করা হয়েছে, এর ব্যতিক্রম হচ্ছে যে কোনো ব্র্যান্ড, ব্যবসা বা কোম্পানির নাম, যে কোনো রূপভেদের নাম, সংশ্লিষ্ট আইনি শর্তাবলি (যেমন, স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ, অগ্নি-ঝুঁকি সম্পর্কিত বিবৃতি, ট্রেডের বিবরণ, ও পরিমাপ চিহ্নসমূহ), এবং বিধিতে অনুমোদিত অন্য যে কোনো চিহ্ন (অনুচ্ছেদ 20)।

সিগারেটের প্যাকেটে উপস্থিত থাকার জন্য অনুমোদিত চিহ্নগুলোর বিবরণ বিধিতে উল্লেখ করা হয়েছে (বিধি 2.3.1)। ট্যাক্স স্ট্যাম্প ও শুল্ক পরিশোধের চিহ্নের জন্য বিধিতে অনুমোদন নেই।

**আরো তথ্য**

**প্রশ্ন 14. সিগারেট ও সিগারেটের প্যাকেটের সাধারণ মোড়কজাতকরণের শর্তগুলো সম্পর্কে আমি কোথায় আরো তথ্য পেতে পারি?**

মোড়কজাতকরণের শর্তগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য *Tobacco Plain Packaging Act 2011-এর অনুচ্ছেদ* 18 *থেকে* 26 এবং *Tobacco Plain Packaging Regulations 2011-এর* 2*য় খন্ড* দেখুন, এগুলো www.comlaw.gov.au ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও আপনি তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কে আরো তথ্য www.health.gov.au/tobaccopp ওয়েবসাইটে পাবেন। এই ওয়েবসাইটের বিষয়বস্তুগুলো কয়েকটি ভাষায় অনুবাদ করা হয়েছে।

**প্রশ্ন 15. সিগারেট ও সিগারেটের মোড়কের জন্য স্বাস্থ্য সম্পর্কিত সচিত্র সতর্কীকরণের শর্তগুলো সম্পর্কে আমি কোথায় আরো তথ্য পেতে পারি?**

স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ সম্পর্কে আরো তথ্যের জন্য *Competition and Consumer (Tobacco) Information Standard 2011* দেখুন যা www.comlaw.gov.au ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও আপনি স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলো সম্পর্কে আরো তথ্য www.productsafety.gov.au ওয়েবসাইটে পাবেন।

**প্রশ্ন 16. ইংরেজি আমার মাতৃভাষা নয় - আমি কি এই তথ্যের অনুবাদ পেতে পারি?**

হ্যাঁ। এই সব প্রশ্ন ও উত্তরগুলোর অনুবাদ এবং তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কে আরো তথ্যের অনুবাদ www.health.gov.au/tobaccopp ওয়েবসাইটে পাওয়া যাবে।

**তামাকজাত দ্রব্য সরবরাহকারীদের জন্য তথ্য**

তামাকজাত দ্রব্যের একজন সরবরাহকারী হিসেবে, সংশ্লিষ্ট আইন অনুযায়ী আপনার যা যা করা আবশ্যক সেগুলো সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা অর্জন করা এবং তা বজায় রাখা আপনার দায়িত্ব। যেসব জায়গা থেকে আরো তথ্য পাওয়া যাবে:

- ওয়েবসাইট: www.health.gov.au/tobaccopp ও www.productsafety.gov.au
- The *Tobacco Plain Packaging Act 2011*, পাওয়া যাবে www.comlaw.gov.au/Details/C2013C00190 ওয়েবসাইটে
- The *Tobacco Plain Packaging Regulations 2011*, পাওয়া যাবে www.comlaw.gov.au/Details/F2013C00801 ওয়েবসাইটে
- The *Competition and Consumer (Tobacco) Information Standard 2011*, পাওয়া যাবে www.comlaw.gov.au/Details/F2013C00598 ওয়েবসাইটে
- সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কে সুনির্দিষ্ট প্রশ্নের জন্য (চিত্র ও স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ ছাড়া) - তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণ সম্পর্কিত অভিযোগ লাইন - 1800 062 971 বা ppcomplaints@health.gov.au ঠিকানায় ইমেইল করুন
- চিত্র ও স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণ বিষয়ে সুনির্দিষ্ট প্রশ্নের জন্য - অস্ট্রেলিয়ান প্রতিযোগিতা ও ভোক্তা (ACCC) তথ্য কেন্দ্র - 1300 302 502

দ্রষ্টব্য: এই তথ্য শুধুমাত্র একটি নির্দেশনা হিসেবে প্রদান করা হয়েছে, এবং আইনি পরামর্শের উৎস হিসেবে এর উপর নির্ভর করা যাবে না। তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের এবং স্বাস্থ্য সম্পর্কিত সতর্কীকরণের শর্তগুলোর জন্য এটি একটি পূর্ণাঙ্গ রূপরেখা নয়। তামাকজাত দ্রব্যের সাধারণ মোড়কজাতকরণের আইনের অধীনে আপনার বাধ্যবাধকতাগুলো সম্পর্কে আপনি না জানলে, অথবা শর্তগুলো বুঝতে আপনার সমস্যা হলে, আপনার নিজস্ব স্বতন্ত্র আইনি পরামর্শ চাওয়া উচিত। এই প্রকাশনার সব তথ্য 2015 সালের অগাস্ট মাসে সঠিক।

এই প্রকাশনার বিষয়বস্তুগুলো কপিরাইট করা। *1968 সালের কপিরাইট আইনে* অনুমোদিত যে কোনো ব্যবহার ছাড়া, কমনওয়েলথ-এর যথাযথ লিখিত অনুমতি ব্যতিরেকে এর কোনো অংশ পুনঃপ্রকাশ করা যাবে না।